# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব তানভীর আহমেদ
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভার তারিখ ঃ ২৯ অক্টোবর'২০২৪ খ্রিঃ।

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা আইসিটি অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত সেপ্টেম্বর'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় সেপ্টেম্বর'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রম নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান গবাদি পশুকে চিকিৎসা প্রদান-৩,৮৩৩ টি, হাঁস-মুরগী চিকিৎসা প্রদান-২০,০০০ টি ও পোষা প্রাণি চিকিৎসা প্রদান-৩টি। গবাদি পশুকে টিকা প্রদান-১১,১০০ টি ও হাঁস-মুরগী টিকা প্রদান-৫০,০০০ টি। ছাগলের পিপিআর ভ্যাকসিন প্রদান-৩১,০০০ টি। এছাড়াও কৃত্রিম প্রজনন করা হয়েছে-১৫০টি। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান রবি মৌসুমের পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চালিত হচ্ছে। তেলজাতীয় ফসলের আবাদ বৃদ্ধির জন্য ক্লাস্টার ভিত্তিকভাবে কাজ করা হচ্ছে। বিভিন্ন প্রকল্পের আওতায় অনাবাদী জায়গায় পুষ্টি বাগান করা হচ্ছে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় গম-৮০০, ভূট্টা-৩৭০, সরিষা-৮০০, সূর্যমুখী-২০, চিনা বাদাম-১২০, পেঁয়াজ-৫০, মুগ-৩০, মসুর-৫০, খেসারী-৪০, অড়হড়-১০ জনসহ মোট ২৩৭০ জনের বিনামূল্যে সার ও বীজ বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বর্তমানে উপজেলায় সারের কোন ঘাটতি নাই। উপজেলা কৃষি অফিসের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসের বাউন্ডারী ওয়াল নির্মাণ করার লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। ২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গ্রামীণ সড়ক ও মেরামত কর্মসূচি দরপত্র আগামীকাল উন্মুক্ত করা হবে। | ১। নব-নির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের অফিস কক্ষের নিরাপত্তার | ১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান নব-নির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের অফিস কক্ষের নিরাপত্তার জন্য দুইপার্শ্বে কলাপ্সিপল গেইট নির্মাণ করা জরুরী প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক জরুরী প্রয়োজন হেতু উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পিআইসি কমিটি/কোটেশন আহবানপূর্বক নব-নির্মিত কমপ্লেক্স ভবনের কলাপ্সিপল গেইট নির্মাণ করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, অনেক বছর পূর্বে নির্মিত উপজেলা পরিষদের ডরমেটরী ভবন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসের জোড়াবাড়ী ৭ নং ভবন এবং উপজেলা পরিষদের ৬নং কোয়ার্টার বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত ভবনগুলি বর্তমানে ঝুকিপুর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে ভবনগুলি পরিত্যাক্ত ঘোষণা করা প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান অত্র উপজেলার নতুন রাস্তা নির্মাণের জন্য রাস্তার নাম আইডিসহ প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। সভায় অনুমোদিত হলে নিম্ন বর্ণিত রাস্তার নাম আইডিসহ প্রেরণ করা যেতে পারে।<br>01. (0206) 6 no ward South Char Sajai Dulal more - West side of Sonaullah kheya ghat . ID No-149084065.<br>02. (0208) 8 no ward Sajai east para Nijam's house - Munjil's house. ID No-149084066.<br>03. (0203) North Kodalkati east side of khoka's house - North Kodalkati mosque. ID No-149084067.<br>04. (0204) 4 no ward Char Sajai Abbas house - East side of River ghat. ID No-149084068.<br>05. (0204) 4 no ward Abbas house - Jadur char kheya ghat. ID No-149084069.<br>06. (0101) Mostan more - East side of Jalchira para Kochir's house via East side of BC road. ID No-149084070.<br>07. (0101) Baliamari mondol para Sattar fokir's house - Asraf shopkeeper's house. ID No-149084071.<br>08. (0101) Baliamari mondol para madrasa - East side of Kader mondol house via Azhar mondol's house. ID No-149084072.<br>09. (0306) Patadhoya para - Nurul Amin's house - North side of Nader member's house. ID No-149084073.<br>10. (0307) Mohonganj West Modonpara Samad house - Kolpara Gps. ID No-149084074.<br>11. (0306) Nayachar old bazar - North Gazi's kheya ghat. ID No-149084075.<br>12. (0304) Kolpara bridge - East side of Arsad house. ID No-149084076. | জন্য দুইপার্শ্বে কলাপ্সিপল গেইট নির্মাণ করার লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক কলাপ্সিপল গেইট নির্মাণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের ডরমেটরী ভবন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসের জোড়াবাড়ী ৭ নং ভবন এবং উপজেলা পরিষদের ৬নং কোয়ার্টার বসবাসের অনুপযোগী ও ঝুকিপুর্ণ হওয়ায় ভবনগুলি পরিত্যাক্ত ঘোষণা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। বর্ণিত রাস্তার নাম আইডিসহ অনুমোদনের নিমিত্তে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | 13. (0304) Mohonganj Adorso College - Jamalpur border. ID No-149084077.<br>14. (0304) Shylet para - Kolkihara Abul hossain house. ID No-149084078<br>15. (0101) Baliamari kalam more - West side of Noyapara. ID No-149084079<br>16. (0106) Bodorpur - North side of Jadur char UP border. ID No-149084080<br>17. (0101) Noyapara - Noya para Guscho gram. ID No-149084081<br>18. (0105) Koraidangi para Easiruddin house - Mohor haji house via Miya para mosque. ID No-149084082<br>19. (0105) Koraidangi para Aman ali house - West side of Belal hossain house. ID No-149084083<br>20. (0101) Baliamari bapari para Eidgah math - North side of Shohid's house. ID No-149084084<br>21. (0101) Baliamari Eidgah - Chan miya member's house. ID No-149084085<br>22. (0101) Baliamari East para - Moynal shopkeeper's via river ghat. ID No-149084086<br>23. (0101) Shiberdangi noyapara Goni master's house - Sukkur master's house. ID No-149084087<br>24. (0102) Ajim master's house - Amtola beri badh. ID No-149084088<br>25. (0204) 4 no ward Char Sajai Kalam member's house - North side of Vatier char Bazar. ID No-149085034<br>26. (0207) Chakku Chairman's house - North side of Kalam's house. ID No-149085035<br>27. (0101) Baliamari noyapara Khoka's house - Alhaj Abul Bari akondo's house. ID No-149085036<br>28. (0304) Kolkihara mosque - West Kolkihar kheya ghat. ID No-149085037<br>29. (0102) Goraimari Badsha fokir's house - Shajahan armi's house. ID No-149085038<br>30. (0105) Sarkar para Mulkot house - Abul armi house. ID No-149085039<br>31. (0102) Goraimari Roshid's house - West side of Shahajahan armi's house. ID No-149085040<br>32. (0104) Osiyot jaman house - Sobujbag Mosque. ID No-149085041.<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে বিভিন্ন পানির উৎসের স্থান নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া পাবলিক টয়লেট ও ওয়াশব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের VIA Test সম্পর্কে উপজেলা পরিষদের পক্ষ থেকে প্রচারণার ব্যবস্থা করার জন্য অনুরোধ অত্র হাসপাতালে জরুরী চিকিৎসা সরঞ্জামাদি (Saline Set-২০০০ পিস, IV Canula-৩০০০ পিস, Surgical Gloves-২০০০ পিস) প্রয়োজন।করেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী চিকিৎসা সরঞ্জামাদি (Saline Set-২০০০ পিস, IV Canula-৩০০০ পিস, Surgical Gloves-২০০০ পিস) ক্রয়/সরবরাহের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক ঊর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর।<br>০৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নদী ভাঙ্গন পরিবারের জন্য মানবিক সহায়তা বরাদ্দ পাওয়া গেছে। বিভাজন পূর্বক তালিকা প্রস্তুত করা যেতে পারে। | নদী ভাঙ্গন পরিবারের জন্য মানবিক সহায়তা যাচাই-বাছাই পূর্বক তালিকা সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নাজিমুদ্দৌলা ও কোদালকাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন একতলা ভবনের বীমে ফাটল ধরেছে। পিছনে একটি বড় গর্ত রয়েছে। গর্তের ফলে ভবনটি ধ্বসে যাওয়ার সম্ভাবনা রয়েছে। কিছু বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল, টয়লেট ও মাঠ সংস্কারকরণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রাথমিক বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল, টয়লেট ও মাঠ সংস্কার করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ২টি ব্যাচ প্রশিক্ষণ করা হয়েছে। প্রাতিষ্ঠানিক কোর্সে ৩টি আবেদন পড়েছে, আগামী ০৩/১১/২০২৪ তারিখ থকে ১মাস মেয়াদী প্রশিক্ষণ কুড়িগ্রাম প্রশিক্ষণ কেন্দ্রে শুরু হবে। ৫ দিনের যুব উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্সে ২জন যুব প্রেরণ করা প্রয়োজন। | ১। ৫ দিনের যুব উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্সে ২জন যুবক প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৫



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আগামী ০২/১১/২০২৪ তারিখ অর্থাৎ নভেম্বর মাসের ১ম শনিবার জাতীয় সমবায় দিবস উৎযাপিত হবে। উক্ত জাতীয় দিবস উৎযাপনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। অত্রাফিসের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম চলমান। চলতি মাসে ৮,২০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত প্রশাসক (অঃদাঃ) ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, স্ট্যাপলা মেশিন, কলম ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২৯ দিন) =১৫,৯৫০/- (পনের হাজার নয়শত পঞ্চাশ) টাকা।<br>০৫। অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×২৯ দিন) =১৫,৯৫০/- (পনের হাজার নয়শত পঞ্চাশ) টাকা।<br>০৬। উপজেলা পরিষদ চত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। ২০২৪-২৫ অর্থ বছরে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে সহায়তা বাবদ =৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা।<br>০৮। জীপ গাড়ি সচল রাখার স্বার্থে সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৪ মাসের জীপ গাড়ি জ্বালানী বাবদ ব্যয় বিল | ০১। ২০২৪-২৫ অর্থ বছরে অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | =৭,৩২০/- (সাত হাজার তিনশত বিশ) টাকা।<br>০৯। সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৪ মাসের অফিসের দৈনিক পত্রিকা ব্যয় বিল =১,৮১৬/- (এক হাজার আটশত ষোল) টাকা।<br>১০। অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসের বর্জ্যব্যবস্থাপনা ব্যয় বিল =১১,০০০/- (এগারো হাজার) টাকা।<br>১১। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনে সোলার সিস্টেম স্থাপন ব্যয় বিল =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১২। ২০২৪-২৫ অর্থ বছরে আসবাবপত্র ক্রয় ব্যয় বিল =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১৩। ২০২৪-২৫ অর্থ বছরে আসবাবপত্র মেরামত ব্যয় বিল =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সাম্প্রতিক বন্যা ও বৃষ্টির কারণে ০১-০৯ নং ওয়ার্ডের বিভিন্ন কাঁচা, পাকা রাস্তার ভেঙ্গে গেছে তা মেরামত করা প্রয়োজন। ১-৯ নং ওয়ার্ডের কৃষককের মাঝে প্রণোদনা সার ও বীজ বিতরণ করা প্রয়োজন। বালিয়ামারী জিঞ্জিরাম নদীতে ২ কিঃ বর্ডার হাট পর্যন্ত বোল্ডার ফেলানো প্রয়োজন। বালিয়ামারীতে জিঞ্জিরাম নদীতে একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের বেরীবাধ রাস্তাটি বেহাল দশা। উক্ত রাস্তাটি দ্রুত সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। অত্র ইউনিয়নের বিভিন্ন রাস্তার মোড়ে সোলার স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের ২টি পুকুর (হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও শেখ রাসেল মিনি স্টেডিয়াম সংলগ্ন পুকুর) অনেক দিন আগে ইজারা মেয়াদ শেষ হয়েছে। অদ্যাবধি ইজারা প্রদান করা হয়নি। যার ফলে উপজেলা পরিষদ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে ১৪৩১ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে উক্ত পুকুর দুটি ইজারা প্রদান করা যেতে পারে।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে ১৪৩১ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে উক্ত পুকুর দুটি (হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও শেখ রাসেল মিনি স্টেডিয়াম সংলগ্ন পুকুর) ইজারা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। সংশ্লিষ্ট কমিটি<br>০৩। চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৭



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চরনেওয়াজী হাইস্কুলের পার্শ্বের রাস্তাটি হেরিং বোনবন্ড করা জরুরী প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | চুষমারা থানা | অফিসার ইনচার্জ, চুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় চুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, চুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, চুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অর্থনৈতিক শুমারী ২০২৩ এর ২য় জোনাল অপারেশন (ম্যাপিং) চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | উপজেলা আইসিটি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আইসিটি অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় ১৮টি অফিসে, ১৫টি মাধ্যমিক বিদ্যালয় ও ৫৭টি প্রাথমিক বিদ্যালয়ে ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করেন। সকল অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |

চলমান পাতা-৮



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | দুর্যোগ মোকাবেলায় সর্বত্র প্রস্তুত থাকতে হবে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |

১৮(১৯) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর সভায় জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় অভিযোজন কৌশল National Adaptation Plan (NAP) এর মতো এমন এক ধরণের কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন ছিলো, যা চর রাজিবপুর উপজেলাকে জাতীয় অভিযোজন কৌশল স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অন্তর্ভূক্তিকরণ ও বাস্তবায়নের মাধ্যমে, একটি জলবায়ু সহিষ্ণু এলাকা তৈরী করে স্থানীয় জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়নে কাজ করবে। এরই ধারাবাহিকতায় লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্পের সহযোগীতায় স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা Local Adaptation Plan of Action (LAPA) প্রণয়ন করা হয়েছে। এখন থেকে জলবায়ু সহিষ্ণু প্রকল্প গ্রহণের ক্ষেত্রে স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (LAPA) বিবেচনা করে করতে হবে। সার্বিক বিবেচনায় বিষয়টি অনুমোদনের জন্য প্রস্তাব করলে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর সভায় আরও জানান যে, লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্পের আওয়তায় চর রাজিবপুর উপজেলা পরিষদের অনুকূলে ২০২৩-২০২৪ (৯,৯৯,০৪১/- টাকা) ও ২০২৪-২০২৫ (১০,০৩,৬০২/- টাকা) অর্থ বছরে মোট ২০,০২,৬৪৩/- (বিশ লক্ষ দুই হাজার ছয়শত তেতাল্লিশ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং গত ২০২২-২০২৩ অর্থ বছরের অব্যবহৃত ২,৭১,৩৭০/- (দুই লক্ষ একাত্তর হাজার তিনশত সত্তর) টাকাসহ মোট বরাদ্দের পরিমান ২২,৭৪,০১৩/- (বাইশ লক্ষ চুয়াত্তর হাজার তের) টাকা। মোট বরাদ্দ হতে ২০,৭১,৩৯৫/- ( বিশ লক্ষ একাত্তর হাজার তিনশত পঁচানব্বই) টাকার ০২ (দুই) টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। যাহার মধ্যে প্রাক্কলিত ব্যয় ১৯,৭৪,০৩২/- (উনিশ লক্ষ চুয়াত্তর হাজার বত্রিশ) টাকা এবং প্রশাসনিক ব্যয় বাবদ ৯৭,৩৬৩/- (সাতানব্বই হাজার তিনশত তেষট্টি) টাকা। গ্রহনকৃত প্রকল্প ০২ (দুই) টি স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনার Local Adaptation Plan of Action (LAPA) প্রস্তাবিত তালিকা থেকে যাচাই বাছাই পূর্বক লজিক প্রকল্পের অধীনে বাস্তবায়নের জন্য নির্বাচন (চিহ্নিত) করা হয়েছে। জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প দুটি গ্রহণ ও অনুমোদনের জন্য সকলের মতামত আহবান করলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং গৃহিত প্রকল্পের প্রাক্কলন ও নকশা অনুমোদন করা হয়।

| ক্র. নং | প্রকল্পের নাম | ধরন/খাত | ইউনিয়ন | ওয়ার্ড নং | অর্থ বছর | প্রকল্প ব্যয় | প্রশাসনিক ব্যয় | মোট বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর গ্রামের কড়াইডাঙ্গী পাড়ায় (মনোহারের বাড়ি হতে সাঈদ আলীর বাড়ি পর্যন্ত) রাস্তায় বন্যা সহনশীল গাইডওয়াল নির্মাণ (ব্যবহৃত জমির আনুমানিক মূল্য ১,৫০,০০০/- সহ অর্থায়ন হিসাবে দেখানো হয়েছে) | দুর্যোগ, সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তা | রাজিবপুর | ০২ | ২০২৩ - ২০২৪ | ৮,৪৪,০৫৮/- | ৪১,৭৪৬/- | ৮,৮৫,৮০৪/- |
| ০২ | রাজিবপুর ইউনিয়নের জাউনিয়ার চর গ্রামের লম্বা পাড়ায় (মজিবরের বাড়ি হতে তোতা মিয়ার বাড়ি পর্যন্ত) রাস্তায় বন্যা সহনশীল গাইড ওয়াল নির্মাণ ( ব্যবহৃত জমির আনুমানিক মূল্য ২,০০,০০০/- সহ অর্থায়ন হিসাবে দেখানো হয়েছে) | দুর্যোগ, সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তা | রাজিবপুর | ০২ | ২০২৪ - ২০২৫ | ১১,২৯,৯৭৪/- | ৫৫,৬১৭/- | ১১,৮৫,৫৯১/- |
| | | | | | মোট= | ১৯,৭৪,০৩২/- | ৯৭,৩৬৩/- | ২০,৭১,৩৯৫/- |

সিদ্ধান্ত ঃ উক্ত প্রকল্পসমূহ অনতিবিলম্বে উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৯



CamScanner

১৮(২০) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চর রাজিবপুর সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও স্টেডিয়াম সংলগ্ন পুকুর ১৪৩১ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত মেয়াদে জরুরী ভিত্তিতে ইজারা প্রদান করা প্রয়োজন। সভার অনুমোদন সাপেক্ষে পুকুর ইজারা ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে অথবা টেন্ডার আহবান পূর্বক পুকুরগুলি ইজারা প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও স্টেডিয়াম সংলগ্ন পুকুর ১৪৩১ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত মেয়াদে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে অথবা টেন্ডার আহবান পূর্বক জরুরী ভিত্তিতে ইজারা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.১০.২৪
(তানভীর আহমেদ)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৯৫৮

তারিখ ঃ ১৩ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ............................................................................................ কুড়িগ্রাম।
০৬। উপজেলা আইসিটি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

২৯.১০.২৪
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd



CamScanner